

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের ফিল্ড সুপারভাইজরদের সাথে অনলাইনে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মো: আলমগীর, প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ১১ জুলাই ২০২৪ খ্রি:

সময় : সকাল ১১:০০ টা

স্থান : “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের প্রকল্প পরিচালকের রুম (৫ম তলা)

উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট-‘ক’)

সভাপতি অনলাইনে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় প্রকল্প পরিচালক সকল ফিল্ড সুপারভাইজরদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং দিক-নির্দেশনামূলক বক্তব্য দেন। অতঃপর প্রকল্প পরিচালকের সম্মতিক্রমে ফিল্ড সুপারভাইজরগণ পর্যায়ক্রমে মোঃ মুজাহিদুল ইসলাম (বাগেরহাট), মোঃ রিয়াজুল ইসলাম (ভোলা), শিখা মন্ডল (সাতক্ষীরা), মোঃ আতাউর রহমান (শেরপুর), নূর-এ আলম (নেত্রকোনা), মোঃ কমর উদ্দিন (ঠাকুরগাঁও), মোঃ মুস্তাফিজুর রহমান (কুমিল্লা), মোঃ আতিকুর রহমান রনি (ভোলা), মোঃ মাইদুল ইসলাম (গাইবান্ধা), আবু মুসা (গাজীপুর), মোসঃ আয়শা আক্তার (মাদারীপুর), মোঃ আল মামুন (নারায়নগঞ্জ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প সম্পর্কে বিভিন্ন তথ্য, মন্তব্য, সমস্যা ও সুপারিশ তুলে ধরেন। প্রকল্প পরিচালক ফিল্ড সুপারভাইজরদের বক্তব্য শুনেন এবং প্রকল্প সম্পর্কে মতামত ও নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১। কিশোর-কিশোরী ক্লাব মনিটরিংয়ের WhatsApp গ্রুপে ক্লাব পরিদর্শনের ২/৩টি ছবি/ভিডিও তাৎক্ষণিকভাবে গ্রুপে পোস্ট করতে হবে। ক্লাবের উপস্থিতি এবং নাস্তার ছবিসহ একটি বর্ণনা পোস্টে উল্লেখ করতে হবে।
- ২। পরিদর্শনকালে কিশোর-কিশোরীদের জেন্ডার বিষয়ক জ্ঞান যাচাই করতে হবে। বিশেষ করে তারা বাল্য বিবাহ, যৌতুক, মাদক ইত্যাদির কুফল ও শাস্তি সম্পর্কে জানে কিনা এবং ন্যাশনাল Hotline 109/999/333 সম্পর্কে জানে কিনা তা পরীক্ষা করতে হবে। তাছাড়া কিশোর-কিশোরীরা সংগীত ও আবৃত্তি ঠিকমত শিখছে কিনা সে বিষয়েও খেয়াল রাখতে হবে।
- ৩। ক্লাব পরিদর্শনকালে নাস্তার বিষয়ে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে জানতে হবে। নাস্তা যাতে পুষ্টি সমৃদ্ধ/ স্বাস্থ্যসম্মত হয় এবং একই নাস্তা যাতে বার বার না দেয়া হয় সে বিষয়ে পরামর্শ প্রদান করতে হবে।
- ৪। ক্লাবের উদ্যোগে বাল্য বিবাহ প্রতিরোধ করা হলে তার ছবিসহ বর্ণনা WhatsApp গ্রুপগুলোতে পোস্ট করতে হবে এবং প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে।
- ৫। ক্লাব কার্যক্রম পরিচালনার দিনে ফিল্ড সুপারভাইজরগণ সরজমিনে এক বা একাধিক ক্লাব পরিদর্শন করবেন। এক্ষেত্রে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজরদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। কোন কারণে সরজমিনে ক্লাব পরিদর্শন করতে না পারলে অনলাইনে ক্লাব পরিদর্শন করতে হবে।
- ৬। প্রকল্প অফিস থেকে প্রাপ্ত মালামালের তথ্য যেমনঃ ক্যারারের পোশাক, মোটসাইকেল, বইপত্র, সার্টিফিকেট ইত্যাদি পাওয়ার সাথে সাথে উপপরিচালকের মাধ্যমে প্রকল্প অফিসকে জানাতে হবে।
- ৭। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও রাজস্বখাতে পদসৃজন এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। ইন্টারনেট বিল প্রাদান ও মোটরসাইকেলের জালানী বিল বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা পরবর্তীতে গ্রহণ করা হবে।

৯.

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/১৭
মোঃ আলমগীর ১২/১৮

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.০৬.০৮৫.২৩- ১৫৬০

তারিখ: ২৯/০৭/২০২৪

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

- ১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)
- ৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল উপজেলা)
- ৫। সহকারী পরিচালক, (ওয়েবসাইটে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)। মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। অফিস কপি।

১২/১৭
মোঃ আলমগীর ১২/১৮

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।